সিটি ব্যাংকের এমডির বিরুদ্ধে ১০০ কোটি টাকা আত্মসাতের অভিযোগ



ছবি: সংগৃহীত

বন্ধক রাখা সম্পত্তি কম দামে নিলামে বিক্রির তথ্য দেখিয়ে ১০০ কোটি টাকার বেশি আত্মসাতের অভিযোগ উঠেছে সিটি ব্যাংকের ব্যবস্থাপনা পরিচালক (এমডি) ও প্রধান নির্বাহী কর্মকর্তা মাসরুর আরেফিনসহ সংশ্লিষ্টদের বিরুদ্ধে। অভিযোগের পরিমাণ ১০০ কোটি ৭২ লাখ ২৩ হাজার ৭৭ টাকা। এ ঘটনায় অনুসন্ধান শুরু করেছে দুর্নীতি দমন কমিশন (দুদক)।

দুদকের সহকারী পরিচালক বিষাণ যোষকে এ অনুসন্ধানের দায়িত্ব দেওয়া হয়েছে। গত ৯ আগস্ট আদালত থেকে অভিযোগটি অনুসন্ধান ও তদন্তের জন্য দুদকে পাঠানো হয়। পরে ২৭ সেপ্টেম্বর অনুসন্ধানকারী কর্মকর্তা নিয়োগ দেয় কমিশন। এ ঘটনায় ভুক্তভোগী ঢাকার অতিরিক্ত চিফ মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট আদালত-২-এ মামলাও করেছেন।

এর মধ্যে মাসরুর আরেফিনের বিদেশ সফর নিয়ে আলোচনা তৈরি হয়েছে। অভিযোগ উঠেছে, দুদকের অনুসন্ধানের বিষয়টি জানার পর তিনি দেশ ছাড়ার প্রস্তুতি নিচ্ছেন।

তবে সিটি ব্যাংকের হেড অব পাবলিক রিলেশনস অ্যান্ড মিডিয়া ইয়াহিয়া মির্জা জানিয়েছেন, দাপ্তরিক কাজে ২২ নভেম্বর কায়রোর উদ্দেশে ঢাকা ছাড়বেন মাসরুর আরেফিন। আগামী ৩০ নভেম্বর তাঁর দেশে ফেরার কথা রয়েছে। সফরের জন্য প্রয়োজনীয় অনুমতি নেওয়া হয়েছে এবং দুদককেও বিষয়টি জানানো হয়েছে বলে জানান তিনি।

দুদক সূত্র বলছে, রোববারের আগেই মাসরুর আরেফিনের বিদেশযাত্রায় নিষেধাজ্ঞা আসতে পারে। তবে এ বিষয়ে কমিশনের সংশ্লিষ্ট কর্মকর্তাদের কাছ থেকে নিশ্চিত কোনো তথ্য পাওয়া যায়নি।

অনুসন্ধানের প্রয়োজনে কোনো ব্যাংক হিসাব অবরুদ্ধ করা হলে কিংবা সম্পদ ও সম্পত্তি ক্রোক করা হলে সংশ্লিষ্ট শাখাকে লিখিতভাবে জানানোর নির্দেশনা রয়েছে। একই সঙ্গে দুর্নীতি দমন কমিশন আইন, ২০০৪ ও দুদক বিধিমালা, ২০০৭ অনুসরণ করে অনুসন্ধান শেষ করে প্রতিবেদন জমা দিতে বলা হয়েছে।

২০১৯ সালের জানুয়ারি থেকে সিটি ব্যাংকের এমডি ও প্রধান নির্বাহীর দায়িত্ব পালন করছেন মাসরুর আরেফিন। সম্প্রতি তাঁকে আরও তিন বছরের জন্য এ পদে পুনর্নিয়োগ দেওয়া হয়েছে।